**Bangladesh Competition Commission**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.ccb.gov.bd

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজিত রচনা প্রতিযোগিতা

ব্যবসা-বাণিজ্যে সুষ্থ প্রতিযোগিতামূলক পরিবেশ উৎসাহিত, নিশ্চিত ও বজায় রাখার উদ্দেশ্যে গঠিত বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সামগ্রিক কর্মকাণ্ডের (যেমন: ষড়যন্ত্রমূলক যোগসাজশ, মনোপলি ও ওলিগোপলি অবস্থা, জোটবদ্ধতা অথবা কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার সংক্রান্ত প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ড প্রতিরোধ, নিয়ন্ত্রণ বা নির্মূল করা) বিষয়ে দেশের শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিশ্ববিদ্যালয় ও কলেজ পর্যায়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। জাতীয় পর্যায়ে আয়োজিত এ প্রতিযোগিতায় নিম্নে বর্ণিত স্তরের ছাত্র-ছাত্রীগণকে নির্ধারিত শর্তাবলী অনুসরণে অংশগ্রহণের আহবান জানানো যাচ্ছে:

### রচনা প্রতিযোগিতা সম্পর্কিত তথ্যাদি:

(১) বিশ্ববিদ্যালয় পর্যায়ে (সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ/সাধারণ/কারিগরি বিশ্ববিদ্যালয় ও অধিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) অনার্স/মাষ্টার্স লেভেলে অধ্যয়নরত ও মাদ্রাসার সমপর্যায়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য:

**বিষয়: কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে দেশের প্রতিযোগিতামূলক স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয় (২৫০০ শব্দের মধ্যে)।**

(২) কলেজ পর্যায়ে (সরকারি/বেসরকারি সাধারণ/কারিগরি কলেজ) একাদশ ও দ্বাদশ শ্রেণীতে এবং মাদ্রাসার সমপর্যায়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য:

**বিষয়: পণ্য ও সেবার বাজারে সুষ্ঠু প্রতিযোগিতামূলক পরিবেশ গঠন ও উন্নয়নে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয় (২০০০ শব্দের মধ্যে)।**

**শর্তাবলী:**

১। রচনা A4 সাইজের কাগজে, লাইন স্পেস ১.৫, মার্জিন ১ ইঞ্চি রেখে এক পৃষ্ঠায় (উভয় পৃষ্ঠায় নয়) প্রিন্ট করতে হবে;

২। রচনা বাংলা ভাষায় লিখতে হবে। তবে কোন উদ্ধৃতি বা কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের গৃহীত কার্যক্রম/বক্তব্য কোট আনকোট করে ইংরেজী ভাষা ব্যবহার করা যাবে, তথ্যসূত্র যথাযথভাবে উল্লেখ করতে হবে এবং Plagiarism করা যাবে না;

৩। রচনার টপশীটে অংশগ্রহণকারীর নাম, পিতা-মাতার নাম, যোগাযোগের ঠিকানা, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, বর্ষ/শ্রেণী, মোবাইল নম্বর (বাংলা ও ইংরেজিতে) ও ইমেইল (যদি থাকে) উল্লেখ করতে হবে। মূল রচনার কোন পৃষ্ঠায় এ সকল তথ্য উল্লেখ করা যাবে না, অন্যথায় রচনা সরাসরি বাতিল বলে গণ্য হবে;

৪। রচনার সাথে এক কপি ছবিসহ অংশগ্রহণকারীর জীবন বৃত্তান্ত প্রদান করতে হবে;

৫। ছাত্র/ছাত্রীর ছাত্রত্ব সম্পর্কে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র রচনার সাথে সংযুক্ত করতে হবে;

৬। ২৮ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে রচনার পাণ্ডুলিপি ডাক/কুরিয়ার যোগে সচিব, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা বরাবরে পৌঁছাতে হবে; অথবা নিম্নে বর্ণিত ই-মেইলে পিডিএফ ফরম্যাটে (secretary.ccb2012@gmail.com) প্রেরণ করা যাবে। উক্ত সময়ের মধ্যে ব্যক্তিগতভাবেও উপস্থিত হয়ে জমা দেয়া যাবে, বিলম্বের কারণ যাই হোক না কেন নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত রচনা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না;

৭। প্রাপ্ত রচনাসমূহ অভ্যন্তরীণভাবে একটি কমিটির মাধ্যমে প্রাথমিকভাবে বাছাই করা হবে;

৮। প্রাথমিক বাছাই পর্বে নির্বাচিত রচনাসমূহ এ লক্ষ্যে গঠিত মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন করা হবে;

৯। রচনা মূল্যায়নের ক্ষেত্রে মূল্যায়ন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১০। দাখিলকৃত রচনা ফেরত প্রদান করা হবে না;

চলমান পাতা-২

# বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।

Bangladesh Competition Commission

মোঃ মফিজুল ইসলাম
চেয়ারপার্সন
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
ফোন ০২-৫৮৩১৩৬১০
ই-মেইলঃ chairmancc2012 @gmail.com


নং- ২৬.১২.০০০০.১০১.৯৯.০০৪.১৭-ডিও/৯১৬ 01-02-২০২২ খ্রি

প্রিয় বিভাগীয় কমিশনার,

আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক উন্নয়নের প্রেক্ষাপটে ব্যবসা-বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতামূলক পরিবেশ উৎসাহিত করা, নিশ্চিত করা ও বজায় রাখার উদ্দেশ্যে সরকার প্রতিযোগিতা আইন, ২০১২ প্রণয়ন করেছে। এ আইনের আওতায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন প্রতিষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম সম্পর্কে সমাজে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন অংশীজনকে অবহিত করার জন্য জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সরকারি কর্মকর্তা-কর্মচারী, ব্যবসায়ী নেতৃবৃন্দ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ নিয়ে সেমিনার আয়োজন, লিফলেট বিতরণ, টেলিভিশনে টকশোতে অংশগ্রহণ ছাড়াও পত্র পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে প্রচারণা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

আপনি নিশ্চয় একমত হবেন যে, দেশে প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টির সুফল হিসেবে অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত হয়, কর্মসংস্থান সৃষ্টি হয়, ভোক্তা বা ক্রেতা প্রতিযোগিতামূলক মূল্যে মানসম্মত পণ্য বা সেবা ক্রয় করতে পারে এবং জনগণের জীবনমানের উন্নয়ন সাধিত হয়। এ প্রেক্ষাপটে প্রতিযোগিতা আইন, ২০১২ এর লক্ষ্য ও উদ্দেশ্য এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম বিষয়ে বিভিন্ন পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের মধ্যে সচেতনতা সৃষ্টি এবং প্রতিযোগিতা আইন কার্যকরভাবে বাস্তবায়নে সহায়তা করবে এমন ধারণা/পরামর্শ গ্রহণের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় পর্যায়ে (মেডিকেল কলেজসহ) এবং কলেজ পর্যায়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের মধ্যে রচনা প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। রচনা প্রতিযোগিতার বিষয় নিম্নরূপ:

**বিশ্ববিদ্যালয় পর্যায়ে:** কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে দেশে প্রতিযোগিতামূলক স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয় (২৫০০ শব্দের মধ্যে)।

**কলেজ পর্যায়ে :** পণ্য ও সেবার বাজারে সুষ্ঠু প্রতিযোগিতামূলক পরিবেশ গঠন ও উন্নয়নে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয় (২০০০ শব্দের মধ্যে)।

**রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য রচনার পাণ্ডুলিপি ২৮-০২-২০২১ খ্রি তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে কমিশনে পৌঁছাতে হবে।** এ প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্যে থেকে মূল্যায়ন কমিটির মাধ্যমে ১ম, ২য় ও ৩য় পুরস্কারের জন্য বিশ্ববিদ্যালয় এবং কলেজ ও মাদ্রাসা পর্যায়ে মোট ৬ (ছয়) জন প্রতিযোগীকে চূড়ান্তভাবে নির্বাচিত করা হবে এবং নির্বাচিত ৬ (ছয়) জন প্রতিযোগীর জন্য আকর্ষণীয় পুরস্কারের ব্যবস্থা রয়েছে। এ প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে প্রচারিত বিজ্ঞাপন ও নিয়মাবলীর কপি এতদ্‌সংঙ্গে সংযুক্ত করা হল। তদুপরি, এ বিজ্ঞাপন ও নিয়মাবলী বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ওয়েব পেজ: www.ccb.gov.bd-তে দেয়া আছে।

এমতাবস্থায়, বিভাগের সমন্বয়কারী হিসেবে আপনার বিভাগের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীদের সর্বাধিক অংশগ্রহণের লক্ষ্যে আপনার আন্তরিক সহায়তা প্রত্যাশা করছি।

শুভেচ্ছান্তে-

(মোঃ মফিজুল ইসলাম)

জনাব এ বি এম আজাদ *এনডিসি*
বিভাগীয় কমিশনার
চট্টগ্রাম বিভাগ
চট্টগ্রাম